


যুগান্তর

জেএসসি জেডিসি পরীক্ষা: শিক্ষকসহ বহিষ্কার ৩৯

প্রথম দিন অনুপস্থিত ৬৬১৯৪ * কোচিং বাণিজ্যের দায়ে ভিকারুননিসার শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা শিগগিরই * প্রশ্নফাঁস হচ্ছে না, তবু গুজব রটানো হচ্ছে : শিক্ষামন্ত্রী

প্রকাশ : ০৩ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শনিবার শুরু হয়েছে। প্রথম দিন জেএসসিতে বাংলা এবং জেডিসিতে কুরআন মাজিদ ও তাজবিদ বিষয়ের পরীক্ষা নেয়া হয়। এতে অসতুপায় অবলম্বনের দায়ে একজন শিক্ষকসহ ৩৯ জন বহিষ্কৃত হয়েছেন। এদিন ২৪ লাখ ৪৮ হাজার ৯৮৮ জনের পরীক্ষায় অংশ নেয়ার কথা ছিল। কিন্তু ৬৬ হাজার ১৯৪ জনই অনুপস্থিত ছিল। জেএসসিতে আজ কোনো পরীক্ষা নেই, তবে জেডিসিতে আকাঈদ ও ফিকহ বিষয়ের পরীক্ষা।

সকাল ১০টায় বিদেশের ৯টিসহ সারা দেশের ২ হাজার ৯৭৩টি কেন্দ্রে একযোগে এই পরীক্ষা শুরু হয়। প্রথম দিন কেরানীগঞ্জের জিজিরা পিএম পাইলট উচ্চ মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। এ সময় তিনি বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে প্রশ্নফাঁসের গুজব রটনাকারীদের বিষয় আইনশৃঙ্খলা বাহিনী তৎপর রয়েছে। প্রশ্নফাঁস হচ্ছে না, তবু প্রশ্ন ফাঁস হচ্ছে বলে গুজব রটানো হচ্ছে। এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। প্রশ্নফাঁসের পেছনে না ঘুরে শিক্ষার্থী ও অভিভাবকদের লেখাপড়ায় মনোযোগ দেয়ার আহ্বান জানান তিনি।

আন্তর্জাতিক শিক্ষা বোর্ড সমন্বয় সাবকমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক যুগান্তরকে বলেন, সূষ্ঠু ও শান্তিপূর্ণভাবে প্রথম দিনের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কোথাও থেকে কোনো ধরনের অপ্রীতিকর খবর পাওয়া যায়নি।

এবার ময়মনসিংহ বোর্ড প্রথমবারের মতো কোনো পরীক্ষা নিচ্ছে। এটিসহ মোট ৯টি সাধারণ শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে নেয়া হচ্ছে এই পরীক্ষা। এ বছর মোট পরীক্ষার্থীর মধ্যে জেএসসিতে ২২ লাখ ৬০ হাজার ৭১৬ জন ও জেডিসিতে ৪ লাখ ৯৬৬ জন শিক্ষার্থী রয়েছে। এর মধ্যে শনিবার পরীক্ষা ছিল জেএসসিতে ২০ লাখ ৭২ হাজার ২৫৪ জনের আর জেডিসিতে

৩ লাখ ৭৬ হাজার ৭৩৪ জনের। আর পরীক্ষায় অংশ নেয় জেএসসিতে ২০ লাখ ২৭ হাজার ২৯২ জন এবং জেডিসিতে ৩ লাখ ৫৫ হাজার ৫০২ জন।

বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে রাজশাহী বোর্ডে ৫ জন, ঢাকা, কুমিল্লা ও মাদ্রাসা বোর্ডে ২ জন করে আছে। এছাড়া বরিশালে ৮ জন, দিনাজপুরে ১ জন ও ময়মনসিংহে ১৮ জন। একমাত্র বহিষ্কৃত শিক্ষক ময়মনসিংহ শিক্ষা বোর্ডের।

শিক্ষামন্ত্রীর কেন্দ্র পরিদর্শন : ২০১০ সালে জেএসসি পরীক্ষা শুরুর পর প্রথমবারের মতো কোনো শিক্ষামন্ত্রী মহানগরীর বাইরে পরীক্ষার পরিবেশ পরিদর্শনে যান। শনিবার কেরানীগঞ্জের জিজিরা পিএম পাইলট উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কেন্দ্র পরিদর্শন করেন ডা. দীপু মনি। পরে তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। মন্ত্রী বলেন, কোচিং পরিচালনাকারী শিক্ষকের বিরুদ্ধে শিগগিরই ব্যবস্থা নেয়া হবে। পরীক্ষা চলাকালীন সব ধরনের কোচিং বন্ধের নির্দেশ দেয়া হয়েছে। মিডিয়া সহযোগিতা করছে কোচিংয়ের বিরুদ্ধে। অথচ তাদের ওপর হামলা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। তিনি বলেন, কোচিং বাণিজ্য করা ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের আজিমপুর শাখার শিক্ষক কানিজ ফাতেমার বিরুদ্ধে শিগগিরই ব্যবস্থা নেয়া হচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।